



বাংলাদেশমাদ্রাসাশিক্ষাবোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজরোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩২২১১২৯৮৭১/নেত্রকোনা-০৫/ ২৮৫১৪

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নেত্রকোনা জেলার খালিয়াজুরী উপজেলাধীন কৃষ্ণপুর দারুল ইসলামীয়া আলিম মাদ্রাসার নিয়মিত গভর্নিং বডি'র বিরুদ্ধে অভিভাবক সদস্য মোঃ ইসমাইল হোসেন অত্র বোর্ডে একটি অভিযোগপত্র দাখিল করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (৩).....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০২.০৬.২০২২

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

০১/৬/২২

উপজেলা নির্বাহী অফিসার
খালিয়াজুরী, নেত্রকোনা।

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২২১১২৯৮৭১/ নেত্রকোনা-০৫/ ২৮৫১৪

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নেত্রকোনা;
২. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খালিয়াজুরী, নেত্রকোনা;
৪. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কৃষ্ণপুর ইসলামীয়া আলিম মাদ্রাসা, খালিয়াজুরী, নেত্রকোনা;
৫. অভিভাবক সদস্য মোঃ ইসমাইল হোসেন (অভিযোগকারী), কৃষ্ণপুর ইসলামীয়া আলিম মাদ্রাসা, খালিয়াজুরী, নেত্রকোনা;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


০১/৬/২২

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০১/৬/২২

বরাবর,

রেজিস্ট্রার,

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ নং অরফানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

বিষয়ঃ নিয়মিত গভর্নিং বডি ২০২২ইং গঠনে অনিয়ম ও দুর্নীতি প্রসঙ্গে।

জনাব,


বিনীত নিবেদন এই যে, আমি নিম্নে স্বাক্ষরকারী নেত্রকোণা জেলার ঝালিয়াজুরী উপজেলাধীন, কৃষ্ণপুর গ্রামের স্থায়ী বাসিন্দা। কৃষ্ণপুর দারুল ইসলামীয়া আলিম মাদ্রাসার ছাত্র অভিভাবক। অত্র মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ আভারুজ্জামান খান নিয়মিত গভর্নিং বডি ২০২২ইং গঠনে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির আশ্রয় গ্রহণ করেছেন, অত্র মাদ্রাসার বার্ষিক পরীক্ষার ৩০/১১/২০২১ইং তারিখে সমাপ্তি হয়। ০১/১২/২০২১ইং হইতে ৩০/১২/২০২১ইং পর্যন্ত ১ম শ্রেণি হইতে ১০ম শ্রেণি পর্যন্ত পাঠদান কার্যক্রম বন্ধ ছিল, অথচ অধ্যক্ষ মোঃ আভারুজ্জামান খান খড়সা ভোটার তালিকা ও চূড়ান্ত ভোটার তালিকা ও নির্বাচনী তফসিল প্রকাশ করেন এর মধ্যেই শুধু কাগজি নোটিশ জারির মাধ্যমে প্রকাশ করে। তাছাড়া পাঠদানে সরকারি নির্দেশ ছিল ৮ম ও ৯ম শ্রেণি সত্ত্বে দুই দিন ৬ষ্ঠ ও ৭ম শ্রেণি সত্ত্বে এক দিন ৩য় ও ৪র্থ শ্রেণি সত্ত্বে ২ দিন প্রথম ও ২য় শ্রেণি সত্ত্বে ১ দিন অধ্যক্ষ সাহেব খসড়া ভোটার তালিকা ১ দিনের সকল শ্রেণিতে নোটিশ জাড়া করেছিলেন, চূড়ান্ত ভোটার তালিকা ০৭/১২/২০২১ইং তারিখে সকল শ্রেণিতে কাগজি নোটিশ জারি করেছিল। অনুরূপভাবে নির্বাচনী তফসিল সকল শ্রেণিতে ২৯/১২/২০২১ইং তারিখে নোটিশ জারি করেছিলেন। ইতি পূর্বে ২০১৪ ও ২০১৭ খ্রিঃ নিয়মিত গভর্নিং বডি গঠনের দাতা শ্রেণির চূড়ান্ত ভোটার তালিকা ১০ নং থেকে ২১ নং পর্যন্ত যারা দাতা শ্রেণির ভোটার হিসাবে অর্ন্তভুক্ত ছিলেন তারা কেউ মৃত্যুবরণ করেন নাই। কিন্তু ০৭/১২/২০২১ইং খ্রিঃ প্রকাশিত দাতা শ্রেণির চূড়ান্ত ভোটার তালিকায় ১০ নং থেকে ২১ নং ভোটার পর্যন্ত মোট ১১ জনকে বাদ দিয়ে অধ্যক্ষের নিকট আত্মীয় শুধুমাত্র ৬ জনকে দাতা শ্রেণির চূড়ান্ত ভোটার তালিকা ভোটার হিসাবে প্রকাশ করেন। যা বোধগম্য নয়। মনোনয়ন দাখিলেও অনেক বল প্রয়োগ করেছেন। নিয়মিত গভর্নিং বডি ২০২২ইং গঠনের তফসিল ২৯/১২/২০২১ইং তারিখে প্রকাশ করেন। ইহাতে কাগজি নোটিশ জারি করেছিলেন। বিষয় নিয়মিত গভর্নিং বডি ২০২২ইং গঠনে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি আশ্রয় গ্রহণ করেছেন।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা গঠিত নিয়মিত গভর্নিং বডি ২০২২ইং এর অনিয়ম ও দুর্নীতির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে জনাবের যেন মর্জি হয়।

তারিখঃ ২৩/০১/২০২২ ইং

নিবেদক

আশনার বিশ্বস্ত



মোঃ ইসমাইল হোসেন

ছাত্র ও অভিভাবক

ভোটার নং-৩৩

ইবতেদায়ী শাখা